

🗏 আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯:৩

💵 আরবি মূল আয়াত:



আর কসম দ্রুতগতিতে সন্তরণকারীদের। — আল-বায়ান
শপথ সেই ফেরেশতাদের যারা দ্রুতগতিতে সাঁতার কাটে, — তাইসিরুল
এবং যারা তীব্র গতিতে সন্তরণ করে, — মুজিবুর রহমান

And [by] those who glide [as if] swimming — Sahih International

৩. আর তীব্র গতিতে সন্তরণকারীদের(১),

(১) এটা তাদের তৃতীয় বিশেষণ। سابحات এর আভিধানিক অর্থ সাঁতার কাটা। এই সাঁতারু বিশেষণটিও মৃত্যুর ফেরেশতাগণের সাথে সম্পর্কযুক্ত। মানুষের রূহ কবজ করার পর তারা দ্রুতগতিতে আকাশের দিকে নিয়ে যায়। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

৩। শপথ তাদের; যারা তীব্র গতিতে সম্ভরণ করে। [1]

[1] سبح শব্দের অর্থ হল সাঁতার কাটা। ফিরিশতা আত্মা বের করার সময় মানুষের শরীরে প্রবেশ করে এমনভাবে সাঁতার কাটেন যেমন, ডুবুরীরা মণিমুক্তা খোঁজার উদ্দেশ্যে সমুদ্রের গভীরে সাঁতার কেটে থাকে। অথবা অর্থ এটাও হতে পারে যে, আল্লাহর হুকুম নিয়ে ফিরিশতারা খুব শীঘ্রতার সাথে আসমান থেকে যমীনে সাঁতার কেটে অবতরণ করেন। কেননা, দ্রুতগামী ঘোড়াকেও سابح

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=5715

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন